উদ্বোধনে গান শ্রেয়ার

মহিলা বিশ্বকাপের উদ্বোধনী অনুষ্ঠানে মঞ্চ মাতাবেন শ্রেয়া ঘোষাল। ৩০ সেপ্টেম্বর গুয়াহাটিতে উদ্বোধনী ম্যাচে মুখোমুখি হবে ভারত–শ্রীলঙ্কা। ওদিকে, বাঁ–হাটুর চোটে বিশ্বকাপ থেকে ছিটকে গেলেন যস্তিকা ভাটিয়া। পরিবর্ত হিসেবে সুযোগ পেলেন উমা ছেত্রি।

‘শেষ’ ম্যাচ নিয়ে আবেগ বিহ্বল আর্জেন্টিনা

মেসির বিদায়ী সম্মান প্রাপ্য: স্কালোনি

পুরানো সেই দিনের কথা... মেসিকে জড়িয়ে ধরে চুম্বন স্কালোনির। সাংবাদিক সম্মেলনে চোখে জল। ফাইল ছবি, এএফপি

> মেসি যদি সিদ্ধান্ত নিয়ে থাকে যে, দেশের হয়ে এটাই ওর শেষ খেলা, তাহলে আমরা আরও একটি ম্যাচ এখানে খেলব। ওর বিদায় সঠিকভাবে হওয়া দরকার। মেসির সেই সম্মান প্রাপ্য
>
> **লিওনেল স্কালোনি**

আজকালের প্রতিবেদন

বিশ্বকাপ যোগ্যতা অর্জন পর্বের শেষ ম্যাচ। তাও আবার ঘরের মাঠে। সমর্থকরা থেকে শুরু করে পুরো ফুটবল বিশ্বের নজর ছিল সেদিকে। এই ম্যাচ নিয়ে আবেগে ভেসেছে গোটা আর্জেন্টিনা। আবেগ বিহ্বল হয়েছেন আর্জেন্টিনা জাতীয় দলের কোচ লিওনেল স্কালোনিও। যাঁকে কেন্দ্র করে এত আবেগ, তিনি লিওনেল মেসি। এইমুহূর্তে খবরের শিরোনামে। অবসর ঘোষণা না করলেও, জল্পনা ছড়িয়েছে দেশের মাঠে এটাই তাঁর শেষ খেলা। তবে স্কালোনি চাইছেন, আর্জেন্টিনার মাটিতে এটা যেন মেসির শেষ ম্যাচ না হয়। ম্যাচের আগেরদিন সাংবাদিক সম্মেলনে এসে তিনি জানিয়েছেন, এল এম ১০–এর আরও বড় করে বিদায়ী সংবর্ধনা প্রাপ্য।

স্কালোনির কথায়, ‘এটা ঠিক, মেসি এই ম্যাচটিকে স্পেশ্যাল বলে দাবি করেছে। কারণ, পরের বিশ্বকাপের আগে এটাই আমাদের শেষ যোগ্যতা অর্জন পর্বের ম্যাচ ছিল।’ কথা বলতে বলতে স্কালোনির চোখ জলে ভরে যায়। এরপর তিনি বলেন, ‘আমি নিশ্চিত, আর্জেন্টিনায় এটাই মেসির শেষ ম্যাচ হবে না। মেসি যদি সিদ্ধান্ত নিয়ে থাকে যে, এটিই ওর শেষ খেলা, তাহলে আমরা আরও একটি ম্যাচ এখানে খেলব। ওর বিদায় সঠিকভাবে হওয়া দরকার। মেসির সেই সম্মান প্রাপ্য।’

এইমুহূর্তে মেসির বয়স ৩৮ বছর। তাঁর বিশ্বকাপজয়ী দলের সতীর্থ অ্যাঞ্জেল ডি মারিয়া ২০২৪ সালে কোপা আমেরিকা ফাইনালের পরই অবসর নিয়েছেন। তবে মেসি অবসর ঘোষণা না করলেও এটুকু পরিষ্কার, আগামী বছর মার্কিন মুলুকে বিশ্বকাপের পরই তিনি চূড়ান্ত সিদ্ধান্ত নিয়ে নিতে পারেন।

ফিট হতে বাড়তি পরিশ্রম রবসনের

আজকালের প্রতিবেদন: বেশ লম্বা সময় খেলার মধ্যে ছিলেন না। তাই মাঠে নামতে গেলে তাঁকে যে দ্রুত ফিট হতে হবে, তা ভালই জানেন মোহনবাগানের নতুন ব্রাজিলীয় রবসন রবিনহো। হাতে সময় কম। তাই প্রতিদিনই মোহনবাগানের নিয়মিত অনুশীলনের পর, আলাদা করে ফিটনেস অনুশীলন করতে দেখা যাচ্ছে রবসনকে। ফিটনেস কোচকে সঙ্গে নিয়ে বেশ কিছুক্ষণ মাঠের মধ্যে দৌড়াচ্ছেন তিনি। এছাড়াও সারছেন অন্য ফিজিক্যাল অনুশীলন। বৃহস্পতিবারও মোহনবাগান অনুশীলনের পর দেখা গেল একই ছবি। বাগানের পক্ষ থেকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে, ১০ নম্বর জার্সি তুলে দেওয়া হবে ব্রাজিলীয়র হাতে।

এদিন অনুশীলনে এসেছিলেন মোহনবাগান সুপার জায়েন্টের এক শীর্ষ কর্তা। তার সঙ্গে দীর্ঘক্ষণ মাঠে কথা বলেন কোচ হোসে মোলিনা। সূত্রের খবর, মাঠ কর্মীদের সঙ্গেও আলাদা করে কথা বলেন তাঁরা। টানা বৃষ্টিতে চলছে অনুশীলন। তার মধ্যেও কীভাবে মাঠ ঠিকঠাক রাখা যায়, তাই নিয়ে চলে কথাবার্তা। এদিন মূলত, রক্ষণ আঁটোসাঁটো রাখার অনুশীলন করালেন বাগান কোচ। অন্যদিকে, ৯ সেপ্টেম্বর এফসি গোয়ার সঙ্গে মোহনবাগানের রুদ্ধদ্বার অনুশীলন ম্যাচ সকাল ১০টায় শুরু হবে।

ICICI Bank ব্রাঞ্চ অফিস: আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি-৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০৯১

প্রকাশ্য বিজ্ঞপ্তি – সুরক্ষিত পরিসম্পদ বিক্রির জন্য টেন্ডার তথা ই-নিলাম

[রুল ৮(৬)-এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড-এর অনুমোদিত আধিকারিক দ্বারা বাস্তবিক দখল নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দাখিলযোগ্য নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি ‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’ ভিত্তিতে বিক্রি করা হবে যার সংক্ষিপ্ত তথ্য এখানে নীচে দেওয়া হয়েছে:-

ক্রম নং	ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতা/ জামিনদারগণ-এর নাম ও লোন অ্যাকাউন্ট নম্বর	জানা দায় (যদি থাকে) সমেত সুরক্ষিত পরিসম্পদের বিবরণ	বকেয়া অর্থাঙ্ক	সংরক্ষণ মূল্য / বায়না জমা	সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময়	ই-নিলামের তারিখ ও সময়
(A)	(B)	(C)	(D)	(E)	(F)	(G)
১	মিসেস চন্দ্রাবতী সিং (ঋণগ্রহীতা) রাজ কুমার সিং, অনিল কুমার সিং (সহ-ঋণগ্রহীতা) লোন অ্যাকাউন্ট নম্বর: LBCAL00004103104	ফ্ল্যাট নং ২বি, ফ্লোর নং ২, উত্তর-পূর্ব অংশে, কেএমসি প্রেমিসেস নং ৩৬২, হো চি মিন সরণি, দাগ নং ২৯২৫, সি এস খতিয়ান নং ২৫৫, আর এস খতিয়ান নং ৩৭০, তৌজি নং ৩৫১, জে এল নং ৩, কেএমসি ওয়ার্ড নং ১২৮, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন, থানা- পর্ণশ্রী, অ্যাসেসি নং ৪১-১২৮-১১-০৪৬১-৯, মৌজা- পাড়ুই, পরগনা- বালিয়া, জেলা- দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০৬১। সুপার বিল্ট আপ এরিয়া ৭৭৫ বর্গফুট, তৎসহ বিল্ডিংয়ের নিম্নস্থিত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ।	₹ ১৯,৬৩,৯৪৩/- ৩১ আগস্ট, ২০২৫ অনুযায়ী	₹ ১৮,৫০,০০০/- / ₹ ১,৮৫,০০০/-	২৪ সেপ্টেম্বর, ২০২৫ সকাল ১১টা থেকে দুপুর ২টো	৪ অক্টোবর, ২০২৫ সকাল ১০টা ৩০ মিনিটে শুরু
২	মিঃ দেবাশিস বিশ্বাস (ঋণগ্রহীতা) তৃপ্তি বিশ্বাস (সহ-ঋণগ্রহীতা) লোন অ্যাকাউন্ট নম্বর: LBCAL00005731386, LBCAL00005731400, LBCAL00005735237	মৌজা- পাথুরিয়া, জে এল নং ০৮, তৌজি নং ১৫, খতিয়ান নং ২৬৯, এল আর নং ৩৯০, আর এস এবং এল আর নং ১৬০৩, থানা- বাগদা, জেলা- উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ-৭৪৩২৯৭, জমির পরিমাপ- ০৪.৫০ শতক, ভ্যালুয়েশন অনুসারে জমির পরিমাপ ১৯৬০ বর্গফুট এবং এর উপরিস্থিত নির্মাণের পরিমাপ ১৫৯৫ বর্গফুট।	₹ ২৪,৭৯,৫৮৮/- ৩১ আগস্ট, ২০২৫ অনুযায়ী	₹ ২৪,০০,০০০/- / ₹ ২,৪০,০০০/-	২৫ সেপ্টেম্বর, ২০২৫ সকাল ১১টা থেকে দুপুর ২টো	৪ অক্টোবর, ২০২৫ সকাল ১০টা ৩০ মিনিটে শুরু
৩	মিঃ বিনীত কুমার জয়সোয়াল (ঋণগ্রহীতা) বিকাশ জয়সোয়াল (সহ-ঋণগ্রহীতা) লোন অ্যাকাউন্ট নম্বর: LBCAL00004856489	ফ্ল্যাট নং ১৩, ফ্লোর নং ৩, গোবিন্দ ভবন, মৌজা- হাতিয়াড়া, জে এল নং ১৪, রে সা নং ১৮৮, তৌজি নং ১৬৯, আর এস খতিয়ান নং ১৮৪৮, আর এস দাগ নং ৪০০৪/৪৫৮৯, থানা- রাজারহাট, রাজারহাট গোপালপুর পুরসভা, ওয়ার্ড নং ২০, বর্তমানে বিধাননগর পুরনিগম, ওয়ার্ড নং ১৪, মিউনিসিপ্যাল হোল্ডিং নং ৫৬৮ ও ২৮৮, জেলা- উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, সুপার বিল্ট আপ এরিয়া ১২০০ বর্গফুট।	₹ ২৮,৫০,৯৭০/- ৩১ আগস্ট, ২০২৫ অনুযায়ী	₹ ২৭,০০,০০০/- / ₹ ২,৭০,০০০/-	২৬ সেপ্টেম্বর, ২০২৫ সকাল ১১টা থেকে দুপুর ২টো	৪ অক্টোবর, ২০২৫ সকাল ১০টা ৩০ মিনিটে শুরু

অনলাইন নিলাম প্রক্রিয়াটি আমাদের নিলাম এজেন্সি সোর্স নেক্সজেন সলিউশনস প্রাইভেট লিমিটেড (ইউআরএল লিঙ্ক: https://disposalhub.com)-এর ওয়েবসাইটের মাধ্যমে আয়োজিত হবে। এতদ্দ্বারা সংশ্লিষ্ট বন্ধকদাতাগণ/ বিজ্ঞপ্তি গ্রহীতাগণকে ৩ অক্টোবর, ২০২৫ বিকেল ৫টার মধ্যে সম্পূর্ণ বকেয়া অর্থাঙ্ক সুদসমেত পরিশোধের জন্য শেষ সুযোগ দেওয়া হল, অন্যথায় নির্ধারিত সূচি অনুযায়ী এই সুরক্ষিত পরিসম্পদ বিক্রি করা হবে।

সম্ভাব্য ডাকদাতা(গণ)-কে অবশ্যই ওপরে উল্লিখিতমতো (ওপরের টেবিলের কলাম নং ‘E’ দ্রষ্টব্য) বায়না জমা বাবদ অর্থাঙ্ক (ইএমডি) ডিমান্ড ড্রাফ্‌ট (ডিডি) রূপে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি-৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০৯১ ঠিকানাস্থিত অফিসে ৩ অক্টোবর, ২০২৫ বিকেল ৫টার মধ্যে জমা দিতে হবে এবং তার পরে সর্বশেষ ৩ অক্টোবর, ২০২৫ বিকেল ৫টার মধ্যে ওপরে লেখা ওয়েবসাইটে নিজেদের দরপ্রস্তাব ইএমডি জমার প্রমাণ হিসেবে ব্যাঙ্কের তরফে প্রাপ্তিস্বীকার করা ডিমান্ড ড্রাফ্‌টের স্ক্যান করানো কপি সমেত দাখিল করতে হবে। অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, সম্ভাব্য ডাকদাতা(গণ) ওয়েবসাইটের মাধ্যমে দরপ্রস্তাব জমা দিতে না পারলে টেন্ডার ডকুমেন্টের স্বাক্ষরিত কপি স্ক্যান করিয়ে সর্বশেষ ৩ অক্টোবর, ২০২৫ বিকেল ৫টার মধ্যে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি-৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০৯১ ঠিকানায় জমা দিতে হবে। ইএমডি বাবদ অর্থাঙ্ক কোনও রাষ্ট্রায়ত্ত/তফসিলভুক্ত ব্যাঙ্ক থেকে ‘ICICI Bank Limited’-এর অনুকূলে Kolkata-তে প্রদেয় ডিমান্ড ড্রাফ্‌ট/ পে-অর্ডার রূপে জমা দিতে হবে।

সম্পত্তি পরিদর্শন, নিলামের শর্ত ও নিয়মাবলি অথবা টেন্ডার জমা দেওয়া সংক্রান্ত প্রশ্নের পরিষ্কার উত্তর পেতে অনুগ্রহপূর্বক আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড-এর প্রতিনিধির সঙ্গে ৯১৬৩৩৪৩৪৩৯ নম্বরে যোগাযোগ করবেন। অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, মার্কেটিং এজেন্সি (১) মেসার্স ভ্যালু ট্রাস্ট ক্যাপিটাল সার্ভিসেস প্রাইভেট লিমিটেড এবং (২) গিরনারসফ্‌ট প্রাঃ লিঃ-কে এই সম্পত্তি বিক্রিতে সহায়তার কাজেও নিয়োজিত করা হয়েছে।

কোনও কারণ না দেখিয়ে যে কোনও অথবা সমস্ত দরপ্রস্তাব বাতিল করার অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে। বিক্রির শর্ত ও নিয়মাবলি বিশদে জানতে অনুগ্রহপূর্বক এই ওয়েবসাইট দেখুন: www.icicibank.com/n4p4s।

তারিখ: ৫ সেপ্টেম্বর, ২০২৫

স্থান: কলকাতা

অনুমোদিত আধিকারিক

আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড

দলীপে দ্বিশতরান হাতছাড়া ঋতুরাজের

আজকালের প্রতিবেদন

দলীপ ট্রফির সেমিফাইনালের প্রথম দিন ব্যর্থ যশস্বী জয়সওয়াল (৪), শ্রেয়স আয়ারের (২৫) মতো তারকারা। এমন দিনে ব্যাট হাতে নজর কাড়লেন ঋতুরাজ গায়কোয়াড়। তবে অল্পের জন্য দ্বিশতরান হাতছাড়া করলেন। পশ্চিমাঞ্চলের হয়ে চার নম্বরে ব্যাট করতে নেমে মধ্যাঞ্চলের বিরুদ্ধে ১৮৪ রানের (২০৬ বলে) ইনিংস খেললেন ঋতুরাজ। তাতেই দিন শেষে চালকের আসনে পশ্চিমাঞ্চল ৩৬৩/৬।

টস জিতে ব্যাট করতে নামা পশ্চিমাঞ্চল শুরুতেই ১০/২ হয়ে যায়। সেখান থেকে হাল ধরেন ঋতুরাজ। ১৮৪ রানের ইনিংসে ২৫টি বাউন্ডারি ও একটি ছয়। ষষ্ঠ উইকেট জুটিতে তনুশ কোটিয়ানের সঙ্গে যোগ করেন ১৪৮ রান। দিনের শেষে তনুশ ৬৫ রানে ক্রিজে। সঙ্গী অধিনায়ক শার্দূল ঠাকুর (২৪)। নিজের ইনিংস প্রসঙ্গে ঋতুরাজ বলেন, ‘কনুইয়ের চোটে আইপিএলের মাঝপথে ছিটকে গিয়েছিলাম। ভারত ‘এ’ দলের হয়ে ইংল্যান্ডও যেতে পারিনি। সেই সময়টাই লাল বলের প্রস্তুতিতে কাজে লাগিয়েছিলাম।’ অন্য সেমিফাইনালে উত্তরাঞ্চলের বিরুদ্ধে টস জিতে ব্যাট করতে নেমে দক্ষিণাঞ্চলের স্কোর ২৯৭/৩। নারায়ণ জগদীশন ১৪৮ রানে ক্রিজে। দেবদত্ত পাড়িক্কল ৫৭ রান করেন।

৪২ বছরে ইতি, অবসরে অমিত মিশ্র

আজকালের প্রতিবেদন

দু’দশকের কেরিয়ারে ইতি টানলেন অমিত মিশ্র। প্রতিযোগিতামূলক ক্রিকেট থেকে অবসরের কথা বৃহস্পতিবার ঘোষণা করলেন অমিত মিশ্র। একের পর এক চোট–আঘাতের ধাক্কা। তারওপর তরুণ প্রজন্মকে জায়গা ছেড়ে দিতেই তাঁর এই সিদ্ধান্ত বলে জানিয়েছেন ৪২ বছর বয়সি এই লেগস্পিনার।

দেশের জার্সিতে অমিত মিশ্র শেষ মাঠে নেমেছিলেন ২০১৭ সালে। যদিও তাঁকে ২০২৪ সালের আইপিএলেও খেলতে দেখা গিয়েছে। ভারতীয় দলের হয়ে ২২ টেস্ট, ৩৬ একদিনের ম্যাচ ও ১০ টি২০ ম্যাচ খেলেছেন। টেস্টে নামের পাশে ৭৬ উইকেট। একদিনের ক্রিকেটে ৬৪। অনিল কুম্বলে, হরভজন সিং থাকায় টেস্ট অভিষেকের জন্য দীর্ঘ অপেক্ষা করতে হয়েছিল অমিতকে। আর আন্তর্জাতিক কেরিয়ার কঠিন চ্যালেঞ্জের মুখে পড়ে রবিচন্দ্রন অশ্বিন, রবীন্দ্র জাদেজা জুটি চলে আসায়। বিবৃতিতে বলেছেন, ‘২৫ বছরের কেরিয়ারে কম স্মৃতি নেই। বিসিসিআই, হরিয়ানা ক্রিকেট সংস্থা, আমার পরিবার ও সতীর্থদের কাছে কৃতজ্ঞ। সর্বোপরি সমর্থকরা। যখন যেখানে খেলেছি, ভালবাসা উজাড় করে দিয়েছে। এই সুখস্মৃতি আজীবন মনে থেকে যাবে।’

আইপিএলের টিকিট মহার্ঘ

আজকালের প্রতিবেদন

আগামী বছর থেকে আরও মহার্ঘ হচ্ছে আইপিএলের টিকিট। বুধবার কেন্দ্র সরকার জিএসটি–তে একাধিক বদল এনেছে। তারই প্রকোপ পড়তে চলেছে টিকিটের দামে। যা পরিস্থিতি, তাতে আইপিএলের টিকিটকে এখন ‘লাক্সারি’ তকমা দেওয়া যেতেই পারে।

বুধবার রাতে অর্থ মন্ত্রণালয়ের জারি করা বিজ্ঞপ্তি অনুসারে, ‘ক্যাসিনো বা রেস ক্লাব আছে এমন কোনও জায়গা বা আইপিএলের মতো ক্রীড়া ইভেন্টে প্রবেশের ক্ষেত্রে ৪০ শতাংশ জিএসটি দিতে হবে। এর ফলে, গত মরশুম পর্যন্ত যে ৫০০ টাকার টিকিটের দাম ২৮ শতাংশ জিএসটি ধরে ৬৪০ টাকা হত, সেটাই ৪০ শতাংশ জিএসটি আরোপের পর আগামী বছর থেকে ৭০০ টাকা দাম হবে।

us open — স্বিয়াটেকের বিদায়, সেমিতে সিনার

প্রথম গ্র্যান্ড স্লাম সেমিতে ভাম্বরি

আজকালের প্রতিবেদন

প্রথম গ্র্যান্ড স্লাম সেমিফাইনালে ইয়ুকি ভাম্বরি। ভারতের এই টেনিস প্লেয়ার চলতি ইউএস ওপেনে অনেকদিন পর ফের জুটি বেঁধেছেন নিউজিল্যান্ডের মাইকেল ভেনাসের সঙ্গে। কোয়ার্টার ফাইনালে ভাম্বরি–ভেনাস জুটি ৬–৩, ৬–৭ (৬/৮), ৬–৩ সেটে হারিয়েছে নিকোলা মেকটিচ–রাজীব রাম জুটিকে। শুক্রবার সেমিতে ভাম্বরি–ভেনাসের সামনে নিল স্কাপস্কি–জো সালিসবারি জুটি। একটা সময় সিঙ্গলসে খেলতেন ভাম্বরি। জুনিয়রে বিশ্বের এক নম্বর হয়েছিলেন। ২০০৯–এ অস্ট্রেলিয়ান ওপেনে বয়েজ সিঙ্গলসে চ্যাম্পিয়নও হয়েছিলেন ভাম্বরি। কিন্তু চোট–আঘাতের সমস্যা দীর্ঘদিন ভুগিয়েছে তাঁকে। পরে ভাম্বরি সিঙ্গলস ছেড়ে ডাবলসেই মন দেন। এবার ইউএস ওপেনে ডাবলসের শেষ চারে ওঠা সিনিয়র গ্র্যান্ড স্লামে ভাম্বরির সেরা সাফল্য। সেমিতে ওঠার পর বেশ তৃপ্ত ভাম্বরি, ‘অবিশ্বাস্য অভিজ্ঞতা। আবেগের ঘূর্ণিতে ঘুরপাক খাচ্ছি আমি। ম্যাচটা খুব চ্যালেঞ্জিং ছিল। বিপক্ষ প্রতিদ্বন্দ্বীদের অভিজ্ঞতা বিশাল। আমাদের কাজটা সত্যিই খুব কঠিন করে দিয়েছিল ওরা।’ ভেনাসের সঙ্গে আবার জুটি বাঁধার সিদ্ধান্ত যে সঠিক, তাও জানিয়েছেন ভাম্বরি।

বদলা আনিসিমোভার

আজকালের প্রতিবেদন

চলতি ইউএস ওপেনের সবথেকে বড় অঘটন ঘটল মহিলা সিঙ্গলসের কোয়ার্টার ফাইনালে। শেষ আট থেকে বিদায় নিলেন প্রতিযোগিতার দ্বিতীয় বাছাই ইগা স্বিয়াটেক। পোল্যান্ডের এই টেনিস তারকাকে ৬–৪, ৬–৩ স্ট্রেট সেটে হারিয়ে চমকে দিলেন আমেরিকার আমান্দা আনিসিমোভা। দু’মাসও হয়নি। উইম্বলডন ফাইনালে মুখোমুখি হয়েছিলেন এই দুই প্রতিদ্বন্দ্বী। সেদিন ফাইনালে হয়েছিল অসম লড়াই। অভিজ্ঞ স্বিয়াটেক ৬–০, ৬–০ উড়িয়ে দিয়েছিলেন আনিসিমোভাকে। আর ভারতীয় সময় অনুযায়ী বুধবার গভীর রাতে টেনিস বিশ্ব দেখল উলটপুরাণ। মধুর প্রতিশোধ নিলেন আনিসিমোভা। এবারের ইউএস ওপেনে চ্যাম্পিয়ন হওয়ার অন্যতম দাবিদার স্বিয়াটেককে দাপট নিয়েই হারিয়েছেন তিনি। এর আগে দুই গ্র্যান্ড স্লামের সেমিতে উঠেছিলেন। কিন্তু ফ্লাশিং মিডোজে এই প্রথম শেষ চারে উঠলেন আনিসিমোভা। আর্থার অ্যাশ স্টেডিয়ামে জয়ের পর বললেন, ‘উইম্বলডনে ওই হারের পর এভাবে কামব্যাক করা আমার কাছে অবশ্যই স্পেশ্যাল। পরিস্থিতি বদলাতে কঠোর পরিশ্রম থেকে সরে যাইনি। সত্যিই দিনটা স্পেশ্যাল।’

সেমিতে আনিসিমোভার প্রতিদ্বন্দ্বী জাপানের নাওমি ওসাকা। কোয়ার্টারে তিনি হারান চেক প্রজাতন্ত্রের ক্যারোলিনা মুচোভাকে। ওসাকা জয়ী ৬–৪, ৭–৬ (৭/৩) সেটে। অন্য সেমিফাইনালে শীর্ষবাছাই অ্যারিনা সাবালেঙ্কাকে খেলতে হবে জেসিকা পেগুলার বিরুদ্ধে। কোয়ার্টারে পেগুলা জয়ী বারবোরা ক্রেজিকোভার বিরুদ্ধে। ৬–৩, ৬–৩ সেটে।

পুরুষ সিঙ্গলসের সেমিফাইনালে সহজেই উঠলেন বিশ্বের এক নম্বর ইয়ানিক সিনার। শীর্ষবাছাই ইতালিয়ান তারকা ৬–১, ৬–৪, ৬–২ সেটে হারান লোরেঞ্জো মুসেত্তিকে। সেমিতে সিনারের প্রতিদ্বন্দ্বী ফেলিক্স অগার–আলিয়াসিম। অন্য কোয়ার্টারে তিনি হাড্ডাহাড্ডি লড়াইয়ে ৪–৬, ৭–৬ (৯/৭), ৭–৫, ৭–৬ (৭/৪) সেটে জয়ী অ্যালেক্স ডি মিনাউরের বিরুদ্ধে। অন্য সেমিতে মহারণ। মুখোমুখি নোভাক জকোভিচ এবং কার্লোস আলকারাজ।

সেমিফাইনালে ওঠার পর সিনার। স্বিয়াটেককে হারিয়ে উচ্ছ্বসিত আনিসিমোভা। ছবি: এএফপি

খেলার খুচরো

জয় রেনবোর

বৃহস্পতিবার কলকাতা লিগে উয়াড়ীর বিরুদ্ধে ৪–০ জয়ী রেনবো এফসি। গোলদাতা সৈকত সরকার, মহম্মদ সাহির, প্রীতিশ মুর্মু ও সাবিথ। আজ শেষ ম্যাচে নামছে মহমেডান স্পোর্টিং। প্রতিপক্ষ ইউকেএসসি।

১১–তে শুরু

কলকাতা লিগের সুপার সিক্সের ম্যাচ সম্ভবত শুরু হচ্ছে ১১ সেপ্টেম্বর। দ্রুত সূচি প্রকাশ করবে আইএফএ। অন্যদিকে, বৃহস্পতিবার আইএফএকে চিঠি দিয়ে সাদার্ন সমিতি জানাল, শুক্রবার ডায়মন্ড হারবারের বিরুদ্ধে লিগের ম্যাচে দল নামাবে না। ফলে ওয়াকওভার পেয়ে সুপার সিক্সে ডায়মন্ড।

বাংলার দাপট

মুম্বইয়ের বিরুদ্ধে জিসিএ অনূর্ধ্ব ১৯ রিলায়েন্স প্রতিযোগিতায় প্রথম ইনিংসে লিড নিয়ে ম্যাচ শেষ বাংলার। বৃহস্পতিবার ম্যাচ ড্র হয়। মুম্বইকে প্রথম ইনিংসে ২৪৬ রানে অল আউট করার পর বাংলার প্রথম ইনিংস শেষ হয় ৩৮১ রানে। দীপাংশু উপাধ্যায় ১৭৩ করেন।

মছলন্দপুরে

মসলন্দপুর ঘোষপুর যমুনা সংঘের শতবর্ষ উপলক্ষে শঙ্কর চক্রবর্তী ও মধুসূদন চক্রবর্তী স্মৃতি ফুটবল প্রতিযোগিতা আয়োজন হল। প্রধান অতিথি ছিলেন প্রাক্তন ফুটবলার আলভিটো ডি কুনহা। প্রতিযোগিতার চ্যাম্পিয়ন রবীন লটারি গোবরডাঙা।

চ্যাম্পিয়ন শৌনক

বেঙ্গালুরুতে সিআইএসসিই গেমস অ্যান্ড স্পোর্টস ন্যাশনাল শুটিং প্রতিযোগিতায় ১০ মিটার এয়ার রাইফেলে অনূর্ধ্ব ১৭ বিভাগে চ্যাম্পিয়ন রামমোহন মিশন হাই স্কুলের নবম শ্রেণির ছাত্র শৌনক ভট্টাচার্য।

EXIDE

এক্সাইড ইন্ডাস্ট্রিজ লিমিটেড

CIN: L31402WB1947PLC014919

নথিবদ্ধ কার্যালয়: এক্সাইড হাউস, ৫৯ই, চৌরঙ্গী রোড, কলকাতা- ৭০০ ০২০

ফোন নং: ০৩৩-২৩০২৩৪০০/২২৮৩২১১৮ ই-মেল: exideindustrieslimited@exide.co.in

ওয়েবসাইট: www.exideindustries.com

শেয়ারহোল্ডারদের জন্য বিজ্ঞপ্তি

(বিষয়: ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড-এ কোম্পানির ইক্যুইটি শেয়ার স্থানান্তরের জন্য)

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে কোম্পানি আইন, ২০১৩ (‘আইন’), ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড কর্তৃপক্ষ (হিসাব, নিরীক্ষা, স্থানান্তর এবং ফেরৎ) বিধি, ২০১৬ এর ধারা ১২৪ অনুসারে তৎসহ পঠিত প্রাসঙ্গিক সার্কুলার এবং সংশোধনী (‘আইইপিএফ বিধি’), ২০১৮-১৯ অর্থবর্ষের জন্য ঘোষিত অন্তর্বর্তীকালীন লভ্যাংশ যা সাত বছর ধরে দাবিহীন ছিল, নির্ধারিত তারিখ থেকে ৩০ দিনের মধ্যে অর্থাৎ ১১ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড- এ (আইইপিএফ) জমা দেওয়া হবে। যে সংশ্লিষ্ট শেয়ারগুলিতে লভ্যাংশ টানা সাত বছর ধরে দাবিহীন ছিল, সেগুলিও আইইপিএফ বিধিতে বর্ণিত পদ্ধতি অনুসারে স্থানান্তর করা হবে।

কর্পোরেট বিষয়ক মন্ত্রণালয় (এমসিএ) কর্তৃক জারি করা ১৬ জুলাই ২০২৫ তারিখের সার্কুলার অনুসারে, আপনার কোম্পানি “সক্ষম নিবেশক” শিরোনামে ১০০-দিনের একটি প্রচারণা শুরু করেছে, যা ৬ নভেম্বর ২০২৫ পর্যন্ত সক্রিয় থাকবে। ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড কর্তৃপক্ষ (আইইপিএফএ)- এ শেয়ার এবং দাবিবিহীন লভ্যাংশ স্থানান্তর রোধ করার জন্য এই সক্রিয় পদক্ষেপটি অপরিহার্য। এই উদ্যোগের সাথে সামঞ্জস্য রেখে, শেয়ারহোল্ডারদের তাঁদের সংশ্লিষ্ট কেওয়াইসি বিবরণ আপডেট করার জন্য অনুরোধ করা হচ্ছে, যার মধ্যে রয়েছে পার্মানেন্ট অ্যাকাউন্ট নম্বর (প্যান), মনোনয়নের তথ্য, যোগাযোগের বিবরণ (পোস্টাল ঠিকানা এবং মোবাইল নম্বর), ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিবরণ, এবং নমুনা স্বাক্ষর।

কোম্পানি ইতিমধ্যেই সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারদের কাছে পৃথক বিজ্ঞপ্তি পাঠিয়েছে যাঁদের শেয়ার আইইপিএফ নিয়ম অনুসারে আইইপিএফ কর্তৃপক্ষের কাছে স্থানান্তরিত হওয়ার কথা, যেখানে তাঁদের দাবি না করা লভ্যাংশ ১ নভেম্বর ২০২৫ তারিখে বা তার আগে নগদীকরণের জন্য অনুরোধ করা হয়েছে। এই সকল শেয়ারহোল্ডারদের বিবরণ যাঁদের শেয়ার স্থানান্তরের জন্য বাকি রয়েছে তাঁদের ওয়েবসাইট https://www.exideindustries.com/investors/unclaimed-dividends.aspx-এর বিনিয়োগকারী বিভাগের অধীনেও পাওয়া যাবে।

এই প্রসঙ্গে, অনুগ্রহ করে নিম্নলিখিত বিষয়গুলি লক্ষ্য করুন:

ক) যদি আপ